



শিগগিরই ইরানে পৌঁছাতে পারে রাশিয়ার ড্রোন সহায়তা



সংগৃহীত ছবি

রাশিয়া থেকে ড্রোনসহ একটি সহায়তা চালান ইরানের উদ্দেশে রওনা হয়েছে এবং তা অল্প সময়ের মধ্যেই পৌঁছাতে পারে বলে জানিয়েছে ব্রিটিশ গণমাধ্যম Financial Times। দুই মার্কিন গোয়েন্দা কর্মকর্তার বরাতে প্রকাশিত প্রতিবেদনে এমন তথ্য উঠে এসেছে। প্রতিবেদন অনুযায়ী, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ অভিযানের পরপরই মস্কো ও তেহরানের মধ্যে গোপন আলোচনা হয়। মার্চের শুরুতেই এই সহায়তা পাঠানো হয়েছে বলে জানা যায়।

ড্রোনের পাশাপাশি ওই চালানে ওষুধ ও খাদ্যসামগ্রীও রয়েছে, যা চলতি মাসের শেষ দিকে ইরানের বন্দরে পৌঁছাতে পারে।

এর আগে রাশিয়া ইরানকে স্যাটেলাইট চিত্র ও বিভিন্ন গোয়েন্দা তথ্য দিয়ে সহায়তা করেছে বলেও উল্লেখ করা হয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে ক্রেমলিনের মুখপাত্র Dmitry Peskov সরাসরি কিছু নিশ্চিত করেননি। তিনি বলেন, এ ধরনের অনেক বিভ্রান্তিকর তথ্য প্রচারিত হচ্ছে। তবে ইরানের নেতৃত্বের সঙ্গে যোগাযোগ ও আলোচনা চলছে বলে স্বীকার করেন তিনি।

এর আগে মস্কো ইরানে মানবিক সহায়তা পাঠানোর কথাও জানিয়েছিল। গত সপ্তাহে Azerbaijan হয়ে প্রায় ১৩ টন ওষুধ পাঠানো হয়েছে বলে দাবি করে রাশিয়া।